গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০
*www.fulbaridinajpur.gov.bd*

**বিষয় ঃ উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী ।**

সভাপতি ঃ মোঃ রিয়াজ উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
আলোচ্য মাস ঃ ডিসেম্বর, ২০২১
তারিখ ঃ ১০/০১/২০২২ খ্রিঃ।
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।
অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'খ'।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি গত মাসের মাসিক সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধন/সংযোজন না থাকায় গত সভার কার্যবিবরণী অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২) আলোচ্য সূচী ঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ সংক্রান্ত বিবরণী নিয়ে সভায় আলোচনা করা হয়। এ উপজেলায় ডিসেম্বর/২০২১ মাসে নিম্নবর্ণিত অপরাধ সমূহ সংঘটিত হয়েছে।

দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার ডিসেম্বর/২০২১ মাসের অপরাধ চিত্রের বিবরণী:

| মাসের নাম | খুন | ডাকাতি | রাহাজানি | অস্ত্র আইন | চুরি | গরু চুরি | সিঁধেল চুরি | নারী ও শিশু নির্যাতন | পুলিশ আক্রান্ত | দাঙ্গা | অপহরণ | মাদক দ্রব্য | চোরা চালান | ধর্ষণ | অন্যান্য মামলা | আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | জঙ্গী কার্যক্রম | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডিসেম্বর/২০২১ | - | - | - | - | ০১ | - | - | ০২ | - | - | - | ০৬ | - | ০১ | ১২ | - | - | ২২ |
| নভেম্বর/২০২১ | - | - | - | - | ০২ | - | - | - | - | - | ০১ | ০১ | - | - | ০৮ | - | - | ১২ |

মোবাইল কোর্ট প্রতিবেদন ডিসেম্বর/২০২১:

| পক্ষ | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | মামলার সংখ্যা | মামলার রায় | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | শাস্তি | | অব্যাহতি | |
| | | | কারাদন্ড | অর্থদন্ড | | |
| বিবেচ্য পক্ষ | - | - | - | - | - | - |
| গত পক্ষ | - | - | - | - | - | - |
| হ্রাস/বৃদ্ধি | - | - | - | - | - | - |

নভেম্বর/২০২১ মাসে মাদক ০১ টি, অপহরণ ০১ টি, চুরি ০২ টি ও অন্যান্য ০৮ টিসহ মোট ১২ টি এবং ডিসেম্বর/২০২১ মাসেচুরি ০১ টি, নারী ও শিশু নির্যাতন ০২ টি, মাদক দ্রব্য ০৬ টি, ধর্ষণ ০১ টি ও অন্যান্য ১২ টিসহ মোট ২২ টি মামলা দায়ের হয়। সভাপতি ফুলবাড়ী থানা কর্তৃক প্রাপ্ত উপর্যুক্ত অপরাধ চিত্রের প্রতিবেদন পর্যালোচনায় সভায় জানান যে, নভেম্বর/২০২১ মাসে মাদক ০১ টি, অপহরণ ০১ টি, চুরি ০২ টি ও অন্যান্য ০৮ টিসহ মোট ১২ টি এবং ডিসেম্বর/২০২১ মাসেচুরি ০১ টি, নারী ও শিশু নির্যাতন ০২ টি, মাদক দ্রব্য ০৬ টি, ধর্ষণ ০১ টি ও অন্যান্য ১২ টিসহ মোট ২২ টি মামলা দায়ের হয়। গত মাস অপেক্ষা আলোচ্য মাসে মামলার সংখ্যা হ্রাস পেয়ে আইন শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। আলোচ্য মাসে দায়েরকৃত গুরুতর মামলাগুলি সরেজমিনে তদন্ত করে সত্যতা যাচাই অন্তে অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা এর উপস্থিত প্রতিনিধিকে অনুরোধ জানান।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১ | গুরুতর অপরাধসহ অন্যান্য অপরাধমূলক কার্যক্রম যাতে সংঘটিত হতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.০২ | আলোচ্য মাসে থানায় দায়েরকৃত মাদক, ধর্ষণ ও চুরি সংক্রান্ত এবং অন্যান্য গুরুতর মামলাগুলি সরেজমিন তদন্ত কার্যক্রম পরিচালনা করে সত্যতা উদঘাটন করে অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.০৩ | থানায় পূর্বের দায়েরকৃত মামলাগুলো যথাযথভাবে তদন্ত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতে দাখিল নিশ্চিত করবেন। | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ফুলবাড়ী, দিনাজপুর। |

ইউনিয়ন পরিষদসমূহের গ্রাম আদালত সম্পর্কিত তথ্য, ডিসেম্বর/২০২১

| ক্রঃ নং | ইউনিয়ন ভিত্তিক গ্রাম আদালতের নাম | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১) | ১ নং এলুয়াড়ী ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | ০২ | ০২ | ০৪ | - | ০৪ | - |
| ২) | ২ নং আলাদীপুর ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | ০১ | - | ০১ | - | ০১ | - |
| ৩) | ৩ নং কাজিহাল ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | - | - | - | - | - | - |
| ৪) | ৪ নং বেতদিঘী ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | - | - | - | - | - | - |
| ৫) | ৫ নং খয়েরবাড়ী ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | - | - | - | - | - | - |
| ৬) | ৬ নং দৌলতপুর ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | - | - | - | - | - | - |
| ৭) | ৭ নং শিবনগর ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | - | - | - | - | - | - |
| | সরমোট | ০৩ | ০২ | ০৫ | - | ০৫ | - |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভাপতি সভায় জানান যে, গত মাস অপেক্ষা আলোচ্য মাসে অপরাধের হার বৃদ্ধি পেলেও বর্তমানে অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। অতঃপর তিনি বলেন যে, বর্তমানে করোনা ভাইরাসের প্রকোপ কিছুটা বৃদ্ধি পেয়েছে। এজন্য তিনি সকলকে স্বাস্থ্য সচেতনতা রক্ষার্থে বাড়ী থেকে বাহিরে বের হলেই সকলেই যেন মাস্ক পরতে বিজিবি ও পুলিশের সমন্বয়ে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও করোন সংক্রমন রোধে মাইকিং এর মাধ্যমে প্রচারণা অব্যাহত রাখার জন্য পৌর মেয়রসহ সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, কোন চিহ্নিত মাদক ব্যবসায়ীর তথ্য পেলে সে বিষয়ে তৎক্ষণাৎ সভাপতিকে জানানোর জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। চিহ্নিত মাদক ব্যবসায়ীদের তালিকা সভাপতি মহোদয়কে প্রদানসহ ব্যাপকভাবে মাদক সেবন চলে এমন পয়েন্টগুলি চিহ্নিত করতে ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে জনসচেতনতা গড়ে তোলার জন্য তিনি মেয়র, ফুলবাড়ী পৌরসভা এর উপস্থিত প্রতিনিধি এবং সকল ইপপি চেয়ারম্যান ও উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। এছাড়া চিহ্নিত মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের জন্য তিনি অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুকে অনুরোধ জানান। যত্রতত্র গরু জবাই না করে একটি নির্ধারিত স্থানে গরু জবাই করে সেখানে মাংস বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি মেয়র, ফুলবাড়ী পৌরসভাকে অনুরোধ জানানো হয়। ইউনিয়ন পর্যায়েও গরু জবাই করে যাতে দূষিত পানি দিয়ে ধৌত না করা হয় সেজন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে সজাগ দৃষ্টি রাখা জন্য অনুরোধ জানান। ইহা প্রতিরোধকল্পে যৌথ টাস্কফোর্স অভিযান পরিচালনার জন্য অনুরোধ জানান। অতঃপর পৌর এলাকায় গাড়ীর গতিসীমা ১০ কি. মি. এর মধ্যে অব্যাহত রাখতে অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা এবং শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন অর্থাৎ সকাল-০৮.০০ টা হতে বিকাল-০৪.০০ টা পর্যন্ত উচ্চ শব্দে মাইকিং করা হতে বিরত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাকে তিনি অনুরোধ জানান।<br><br>এছাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, পৌর মাছের বাজারের শেডের নীচে চায়ের দোকান এবং পার্শ্বে জিলাপির দোকান দেয়ায় বাজারে জনসমাগম বৃদ্ধি পাচ্ছে। মাছের বাজারে শেডের নীচে এবং পার্শ্ববতী অবৈধ দোকানপাট উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাকে অনুরোধ জানানো হয়।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর মহোদয় সভায় বলেন যে, ১৫-২৫ বছর বয়সী ছাত্র/ছেলেরা হাইওয়ে রাস্তায় দ্রুত গতিতে মোটরসাইকেল চালালে প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাইয়ের জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে তিনি অনুরোধ জানান। | ১) বাড়ী থেকে বাহিরে বের হলেই আবশ্যিকভাবে মাস্ক পরিধানে জনগণকে বাধ্য করতে বিজিবি ও পুলিশের সমন্বয়ে অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) করোন সংক্রমন রোধে মাইকিং এর মাধ্যমে প্রচারণা অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) চিহ্নিত মাদক ব্যবসায়ীদের তালিকা সভাপতি মহোদয়কে প্রদানসহ ব্যাপকভাবে মাদক সেবন চলে এমন পয়েন্টগুলি চিহ্নিত করতে ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে জনসচেতনতা গড়ে তোলাসহ চিহ্নিত মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪) পৌর মাছের বাজারে শেডের নীচে এবং পার্শ্ববতী অবৈধ দোকানপাট উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫) পৌর এলাকায় যত্রতত্র গরু জবাই না করে একটি নির্ধারিত স্থানে গরু জবাই করে সেখানে মাংস বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৬) পৌর এলাকায় গাড়ীর গতিসীমা ১০ কি. মি. এর মধ্যে অব্যাহত রাখতে অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা এবং শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন অর্থাৎ সকাল-০৮.০০ টা হতে বিকাল-০৪.০০ টা পর্যন্ত উচ্চ শব্দে মাইকিং করা হতে বিরত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) অধিনায়ক, ২৯ বিজিবি ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>২) মেয়র, ফুলবাড়ী পৌরসভা ও চেয়ারম্যান, সকল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৩) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ও চেয়ারম্যান, সকল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৪) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৫) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৬) ময়র, ফুলবাড়ী পৌরসভা ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী, দিনাজপুর। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় বলেন যে, বর্তমানে করোন সংক্রমন কিছুটা বৃদ্ধি পেয়েছে। এজন্য তিনি সকলকে স্বাস্থ্য সচেতনতা অবলম্বন করার জন্য অনুরোধ জানান। ইদানিং বুস্টার ডোজ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া যেসকল ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকে সিএইচসিপি'রা নিয়মিত অফিস করেন না তাদের বিষয়টি ওয়ার্ড সভার কার্য বিবরণীতে অন্তর্ভুক্ত করে তার অনুলিপি সভাপতি মহোদয়ের কার্যালয় ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কাযালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>চেয়ারম্যান, ১ নং এলুয়াড়ী ইউপি সভায় বলেন যে, বর্তমানে তাঁর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে।<br>চেয়ারম্যান, ৩ নং কাজিহাল ইউপি সভায় বলেন যে, বর্তমানে তাঁর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে।<br>চেয়ারম্যান, ৪ নং বেতদিঘী ইউপি সভায় বলেন যে, বর্তমানে তাঁর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে।<br>চয়ারম্যান, ৫ নং খয়েরবাড়ী ইউপি সভায় বলেন যে, বর্তমানে তাঁর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে।<br>চেয়ারম্যান, ৬ নং দৌলতপুর ইউপি সভায় বলেন যে, বর্তমানে তাঁর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে।<br>চেয়ারম্যান, ৭ নং শিবনগর ইউপি সভায় বলেন যে, বর্তমানে তাঁর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে। তবে আদিবাসী এলাকাগুলোতে চোয়ানি বিক্রির প্রকোপ বৃদ্ধি পাওয়ায় তিনি পুলিশি অভিযান পরিচালনার জন্য সভাপতি মহোদয়ের মাধ্যমে অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অনুরোধ জানান।<br>অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, ডিসেম্বর/২০২১ মাসেচুরি ০১ টি, নারী ও শিশু নির্যাতন ০২ টি, মাদক দ্রব্য ০৬ টি, ধর্ষণ ০১ টি ও অন্যান্য ১২ টিসহ মোট ২২ টি মামলা দায়ের হয়। তিনি আরও বলেন যে, মাদকের বিরুদ্ধে পুলিশ বাহিনী কঠোর অবস্থানে রয়েছে । আইন শৃঙ্খলা পরিস্থিতির যাতে কোন রকম অবনতি না ঘটে, সেজন্য পুলিশ সর্বত্র সজাগ দৃষ্টি রাখছে।<br>অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে বর্ডার এলাকার পরিস্থিতি ভাল। ডিসেম্বর/২০২১ মাসের ৩,৫১,২০০/- টাকার মালামাল আটক করা হয়। এক্ষেত্রে কোন আসামী আটক করা যায়নি। এছাড়াও প্রতিমাসে বিজিবি ও পুলিশের সাথে সমন্বয়ে টাস্কফোর্স অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। অতঃপর মাদক ও চোরাচালানের সাথে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করতে ইউপি চেয়ারম্যানগণ যাতে প্রয়োজনীয় সহযোগিতা করেন সেজন্য তিনি সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। সীমান্ত এলাকার পরিস্থিতি ভাল থাকলেও সীমান্ত পথে যাতে কোন মাদক দ্রব্য এদেশে না আসে সেজন্য বিজিবি এবং সীমান্তবর্তী ইউপির গ্রাম পুলিশ যেন সর্বত্র সতর্কতা অবলম্বন করার জন্য তিনি অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি এবং সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>সভাপতি সকলের বক্তব্য শ্রবণ করে অবহিত হয়েছেন যে, গত মাস অপেক্ষা আলোচ্য মাসে অপরাধের হার হ্রাস পেয়ে বর্তমানে অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। তিনি আরও বলেন যে, ইভটিজিং ও মাদকের বিষয়ে কোন তথ্য জানা থাকলে তা তাৎক্ষণিকভাবে সভাপতি অথবা অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অবহিত করার জন্য অনুরোধ জানান। অতঃপর তিনি বলেন যে, পৌর এলাকায় মাদকের প্রবণতা রোধে ওয়ার্ড কমিশনারগণকে তৎপর থাকতে হবে। এছাড়াও জুম্মার নামাযের খুতবার সময় মাদক, বাল্য বিবাহ এবং জঙ্গী বিরোধী আলোচনা অব্যাহত রাখার জন্য পৌর-মেয়র, সকল ইউপি চেয়ারম্যান ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর-কে অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, উপজেলা ভূমি অফিস ও সেটেলমেন্ট অফিসে দালালের উপদ্রপের কারণে সাধারণ সেবা গ্রহীরা যাতে হয়রানির সন্মুখীন না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সহকারী কমিশনার (ভূমি) ও সহকারী সেটেলমেন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। এছাড়া নদীতে ময়লা-আবর্জনা ফেলায় নদীর নব্যতা ক্রমশঃ হ্রাস পাচ্ছে মর্মে সে বিষয়ে এবং পৌর এলাকায় বিশেষ করে হাইওয়ে রাস্তায় ও নিমতলা হতে উপজেলা পরিষদ গেট পর্যন্ত রাস্তাসহ বাজারের অন্যান্য রাস্তায় যানজট এড়ানোর নিমিত্ত মালবাহী ট্রাক সকাল-৮.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত আনলোড না করার জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান । তিনি আরও বলেন যে, বালু ও মাটি পরিবহণের সময় যাতে মোটা কোন বস্ত্র/পলিথিন দ্বারা ঢেকে পরিবহণ করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ সভাপতি/সম্পাদক, ট্রাক/ট্রলি মালিক সমিতি, ফুলবাড়ী, দিনাজপুরকে অনুরোধ করা হয়। অন্যথায়, প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অনুরোধ জানানো হয়। | ৭) ১৫-২৫ বছর বয়সী ছাত্র/ছেলেরা হাইওয়ে রাস্তায় দ্রুত গতিতে মোটরসাইকেল চালালে প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই করতে হবে।<br><br>৮) যেসকল ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকে সিএইচসিপি'রা নিয়মিত অফিস করেন না তাদের বিষয়টি ওয়ার্ড সভার কার্য বিবরণীতে অন্তর্ভুক্ত করে তার অনুলিপি সভাপতি মহোদয়ের কার্যালয় ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কাযালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৯) প্রতিমাসে বিজিবি ও পুলিশের সাথে সমন্বয়ে টাস্কফোর্স অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>১০) জুম্মার নামাযের খুতবার সময় মাদক, বাল্য বিবাহ ও জঙ্গী বিরোধী আলোচনা অব্যাহত রাখতে হবে।<br><br>১১) নদীতে ময়লা আর্বজনা না ফেলার এবং পৌর এলাকায় বিশেষ করে হাইওয়ে রাস্তায় ও নিমতলা হতে উপজেলা পরিষদ গেট পর্যন্ত রাস্তাসহ বাজারের অন্যান্য রাস্তায় যানজট এড়ানোর নিমিত্ত মালবাহী ট্রাক সকাল-৮.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত আনলোড না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১২) বালু ও মাটি পরিবহণের সময় যাতে মোটা কোন বস্ত্র/পলিথিন দ্বারা ঢেকে পরিবহণ করতে হবে।<br><br>১৩) ইউনিয়ন পর্যায়ে গরু চুরির ক্ষেত্রে গ্রাম পুলিশগণ (দফাদার ও মহল্লাদার) মহল্লায় মহল্লায় যেন জনসাধারণকে সচেতন করবেন। | ৭) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৮) চেয়ারম্যান, সকল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৯) অধিনায়ক, ২৯ বিজিবি ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী দিনাজপুর।<br><br>১০) মেয়র, ফুলবাড়ী পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যান এবং ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>১১) মেয়র, ফুলবাড়ী পৌরসভা ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>১২) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ও সভাপতি/সম্পাদক, ট্রাক/ ট্রলি মালিক সমিতি, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>১৩) চেয়ারম্যান, সকল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| এছাড়া ইউনিয়ন পর্যায়ে গরু চুরির ক্ষেত্রে গ্রাম পুলিশগণ (দফাদার ও মহল্লাদার) মহল্লায় মহল্লায় যেন জনসাধারণকে সচেতন করে- এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। অতঃপর আইন শৃংখলা পরিস্থিতি ভালো রাখতে তিনি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন। আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক থাকলেও তিনি সার্বক্ষণিকভাবে সতর্কাবস্থায় থাকার জন্য পৌর মেয়র, ফুলবাড়ী পৌরসভা, সকল ইউপি চেয়ারম্যান, অফিসার ইনচার্জ, বিজিবিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়াও- তিনি সংশ্লিষ্ট সকল সদস্যগণকে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। | ১৪) আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে কোনি রকম অবনতি না ঘটে সেজন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বত্র সজাগ দৃষ্টি রাখতে হবে। | ১৪) অধিনায়ক, ২৯ বিজিবি ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ রিয়াজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
ফুলবাড়ী, দিনাজপুর।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
ফুলবাড়ী, দিনাজপুর
পোঃ কোঃ-৫২৬০
*www.fulbaridinajpur.gov.bd*

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৮৩.০০১.২১- ২২০ (৪০)

তারিখঃ ০৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। জনাব মোস্তাফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ১০-দিনাজপুর-৫।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অধিনায়ক, ২৯ বর্ডারগার্ড ব্যাটালিয়ন, ফুলবাড়ী, দিনাজপুর।
৪। পুলিশ সুপার, দিনাজপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৬। সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৮। অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর।
৯। মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। উপজেলা ..................................কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
১২। সহকারী পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।
১৩। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, ....................................................ফুলবাড়ী, দিনাজপুর।
১৪। চেয়ারম্যান, ........................................... (সকল) ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
১৫। কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর।
১৫। সভাপতি, ফুলবাড়ী প্রেসক্লাব/ফুলবাড়ী থানা প্রেসক্লাব/ফুলবাড়ী উপজেলা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর।
১৬। ............................................................................ ফুলবাড়ী, দিনাজপুর।

২৩/০১/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

উপস্থিত উপদেষ্টা/সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১. | অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর প্রতিনিধি। | " |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৩. | সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৪. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৫. | মহিলা ভাইস্ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৬. | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি | " |
| ৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৮. | কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৯. | প্রধান শিক্ষক, ফুলবাড়ী জি.এম. পাইলট উচ্চ বিদ্যালয়। | " |
| ১০. | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর | " |
| ১১. | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপর | " |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৩. | অধ্যক্ষ, শহীদ স্মৃতি আদর্শ ডিগ্রী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। | " |
| ১৪. | অধ্যক্ষ, দারুস সুন্নাহ সিদ্দিকিয়া ফাযিল মাদ্রাসা, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি | " |
| ১৫. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৬. | চেয়ারম্যান, ১ নং এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৭. | চেয়ারম্যান, ২ নং আলাদীপুর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর | " |
| ১৮. | চেয়ারম্যান, ৩ নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর | " |
| ১৯. | চেয়ারম্যান, ৪ নং বেতদিঘী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২০. | চেয়ারম্যান, ৫ নং খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী ,দিনাজপুর। | " |
| ২১. | চেয়ারম্যান, ৬ নং দৌলতপুর ইউপি, ফুলবাড়ী ,দিনাজপুর। | " |
| ২২. | চেয়ারম্যান, ৭ নং শিবনগর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর | " |
| ২৩. | সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২৪. | সভাপতি, ফুলবাড়ী প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২৫. | সভাপতি, ফুলবাড়ী থানা প্রেস ক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। | " |

অনুপস্থিত উপদেষ্টা/ সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) পরিশিষ্ট 'খ'

| ক্রঃ নং | নাম ও পদবী |
|---|---|
| ১. | জনাব মোস্তাফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ১০ দিনাজপুর-৫। |
| ২. | অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারী কলেজ,ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি) |
| ৩. | প্রধান শিক্ষক, ফুলবাড়ী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় |
| ৪. | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৫. | জনাব মোঃ মুশফিকুর রহমান বাবুল, সাধাঃ সম্পাঃ, বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৬. | প্রধান শিক্ষক, সুজাপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৭. | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৮. | অধ্যক্ষ, ফুলবাড়ী মহিলা ডিগ্রী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর এর প্রতিনিধি |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১০. | জনাবা শ্যামলী রাণী, সদস্য, ১ নং এলুয়াড়ী ইউপি,ফুলবাড়ী, দিনাজপুর |
| ১১. | জনাব মোছাঃ জয়তুন বেগম, সদস্য, ৩ নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১২. | এনএসআই, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৩. | জনাব মোঃ আব্দুল মজিদ সরকার, কাঁটাবাড়ী, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৪. | সভাপতি, ফুলবাড়ী উপজেলা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। |